

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৬
সহগামী বাংলা
সেমেস্টার : ৩
কোর্স : ২ (S-2.3.5.P.5)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত
প্রতিটি একক থেকে উত্তর দান আবশ্যিক

একক - ১

- ১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০
- (ক) 'খারিজ' উপন্যাসে মধ্যবিত্ত শ্রেণিচরিত্রের প্রতিনিধি হিসেবে জয়দীপের চরিত্র বিশ্লেষণ করো।
- (খ) 'খারিজ' উপন্যাসে দুটি আদালত দৃশ্যের বিবরণ আছে। এই দৃশ্যগুলির তাৎপর্য আলোচনা করো।
- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০
- (ক) "উপহাসের মত শোনাচ্ছে, অ্যাণ্ড হেন্স দি কেস ইজ ক্লোজ্‌ড্‌।"— বক্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- (খ) "এই কয়েকটা ঘণ্টা যেন আমাদের উপর দিয়ে একটা ঝড় বয়ে গেছে।"— মন্তব্যটির অন্তর্নিহিত সত্যের পরিচয় দাও।
- (গ) "মধ্যবিত্ত মানুষগুলো কি ভয়ঙ্কর ক্রিমিন্যাল, বড়লোকদের মতই।"— মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- (ঘ) "... এত দুর্ভাবনার মধ্যে এক এক সময় আমার হাসি পেয়ে যায়।"— বক্তার হাসি পাবার কারণ কী ?

একক - ২

- ৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০
- (ক) 'জীবিত ও মৃত' গল্পের কাদম্বিনী চরিত্রটি বিশ্লেষণ করো।
- (খ) 'একরাত্রি' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।
- ৪। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০
- (ক) "না, না, তোমার কাউকে কিছু বলতে হবে না, আমি থাকতে চাই নে।"— বক্তা কে ? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- (খ) "ঠাকুর, বউ গেলে বউ পাইব, কিন্তু আমার ভাই ফাঁসি গেলে আর তো ভাই পাইব না।"— উক্তিটির পরিপ্রেক্ষিতে বক্তার মানসিকতা বিশ্লেষণ করো।
- (গ) "তবে তো খোকাবাবু আমার মায়া ছাড়িতে পারে নাই। সে তো আমার ঘরে আসিয়াই জন্মগ্রহণ করিয়াছে।"— বক্তা কে ? বক্তব্যের সপক্ষে তার কী কী যুক্তি ছিল ?
- (ঘ) "কিন্তু ঠিক মাঝখানে একটি মৃত বালিকা শুইয়া রহিল, তাহাকে কেহ লঙ্ঘন করিতে পারিল না।"— আলোচনা করো।